শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- চতুর্থ

বিষয়- বাংলা

গদ্য - তোত্তোচানের অ্যাডভেঞ্চার (দ্বিতীয় অংশ)

১। পূর্ণ বাক্যে উত্তর দাও।

ক) ইয়াসুয়াকিচান কিভাবে মই এর মাথায় পৌঁছালো?

খ) তোত্তোচান কীভাবে নিজের জীবনের ঝুঁকি নিয়ে ইয়াসুয়াকিচানকে গাছে তুলেছিল?

গ) গাছে ওঠার পর তারা কি করেছিল?

ঘ) সুমো কী?

উ:- সুমো হল জাপানের বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত একপ্রকার কুস্তিগীর।

ঙ) গল্পটি পড়ে তোমার কী তোত্তো-চানকে প্রকৃত বন্ধু বলে মনে হয়েছে? কেন?

উ:-হ্যাঁ, তোত্তো-চান কে আমার যথার্থ বন্ধু বলে মনে হয়েছে। কারণ একজন প্রকৃত বন্ধু হলো সে, যে বন্ধুর সমস্যায় তার পাশে থাকে এবং বন্ধুকে সেই সমস্যা উপেক্ষা করে এগিয়ে যাওয়ার উৎসাহ দেয়। এখানে তোত্তোচানও নিজের জীবনের ঝুঁকি নিয়ে বন্ধুর পাশে থেকে বন্ধুর প্রতিবন্ধকতা জয় করতে উৎসাহ দিয়েছে এবং শেষ পর্যন্ত সফল হয়েছে।

২। যথাযথ প্রশ্নগুলির উত্তর দাও।

ক) "আর ইয়াসুয়াকিচানও তাই আশা করেছিল।"

i) ইয়াসুয়াকিচান কী আশা করেছিল?

উ:- -তেৎসুকো কুরোয়ানাগি রচিত তোত্তোচানের অ্যাডভেঞ্চার গল্পে ইয়াসুয়াকিচান আশা করেছিল যে অন্যদের মতো সেও গাছে চড়বে।

ii) তার আশা কীভাবে পূর্ণ হয়েছিল?

উ:-তোত্তোচান একটি সিঁড়ির মতন মই যোগাড় করে এনেছিল। নিজেকে সে ইয়াসুয়াকিচান এর পিছনে রেখেছিল।তোত্তোচান নীচ থেকে একটা একটা করে পা ওপরে তুলে দিচ্ছিল এবং নিজের মাথা দিয়ে তাকে ক্রমাগত ওপরের দিকে ঠেলে যাচ্ছিল। এরপর সিঁড়ির শেষ ধাপে পৌঁছানোর পর বিপজ্জনকভাবে গাছের ওপর দাঁড়িয়ে তোত্তোচান ইয়াসুয়াকিচানের হাত দুটো ধরে টেনে শেষ পর্যন্ত গাছে উঠতে সফল হয়েছিল।দুই বন্ধুর অসম্ভব ধৈর্য এবং প্রচেষ্টায় শেষ পর্যন্ত ইয়াসুয়াকিচানের আশা পূর্ণ হয়েছিল।

খ) "গাছের ডালে বসে দুটি শিশু পরম আনন্দে গল্প করছিল।"

SRAI

i) শিশু দুটি কে?

উ:--তেৎসুকো কুরোয়ানাগি রচিত তোত্তো-চানের অ্যাডভেঞ্চার গল্পে শিশু দুটি হলো তোত্তো-চান ও ইয়াসুয়াকি-চান।

ii) তাদের আনন্দের কারণ কী?

উ:-শিশুমন অ্যাডভেঞ্চার করতে ভালোবাসে, তারা স্বাধীনচেতা। ইয়াসুয়াকি-চান যে নিজের ক্ষমতায় চলতে পারে না, তার বহু দিনের আশা পূর্ণ হয়েছে, সে গাছে উঠতে পেরেছে। তোত্তোচান বন্ধুকে তার গাছে এনে আনন্দ দিতে চেয়েছিল। সেই অসাধ্য সাধন হওয়ায় এবং মুক্তির আনন্দে দুজনেই খুব খুশি হয়েছিল।

বিঃদ্রঃ

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**

SRAI